

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৫৩

२৫/ ि विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৮. ছত্রাক ও আজওয়া খেজুর

بَابِ الْكُمْأَةِ وَالْعَجْوَةِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ نُمَيْرٍ حَدَّثَنَا أَسْبَاطُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ جَعْفَرِ بْنِ إِيَاسٍ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ عَنْ أَبِي سَعِيدٍ وَجَابِرٍ قَالَا قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الْكَمْأَةُ مِنْ الْمَنِّ وَمَاؤُهَا شِفَاءٌ لِلْعَيْنِ وَالْعَجْوَةُ مِنْ الْجَنَّةِ وَهِيَ شِفَاءٌ مِنْ الْجِنَّةِ

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مَيْمُونٍ وَمُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الرَّقِيَّانِ قَالَا حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَسْلَمَةَ بْنِ هِشَامٍ عَنْ الْأَعْمَشِ عَنْ جَعْفَرِ بْنِ إِيَاسٍ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم مِثْلَهُ.

#### বাংলা

১/৩৪৫৩। আবৃ সাঈদ ও জাবির (রাঃ) থেকে বর্ণিত। তারা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ছত্রাক হলো 'মান্ন' নামক আসমানী খাদ্যোর অন্তর্ভুক্ত এবং তার পানি চক্ষুরোগের নিরাময়। 'আজওয়া' হলো জান্নাতের খেজুর এবং তা উন্মাদনার প্রতিষেধক।

২/৩৪৫৩ (১)। আলী ইবনে মাইমূন ও মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ-সাঈদ ইবনে মাসলামা আমাশ-জাফর ইবনে ইয়াস-আবৃ নাদরা-আবৃ সাঈদ খুদরী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত আছে।

## **English**

It was narrated from Abu Sa`eed and Jabir that the Messenger of Allah (ﷺ)



#### said:

"Truffles are a type of manna, and their water is a healing for eye (diseases). And the `Ajwah\* are from Paradise, and they are healing for possession."\*\*

Another chain from Abu Sa`eed from the Prophet () with similar wording.

### ফুটনোট

রাওদুন নাদীর ৪৪৪, মিশকাত ৪২৩৫। তাহকীক আলবানীঃ وَهِي شَفَاءٌ مِنَ السَّمِ এর স্থলে وَهِي شَفَاءٌ مِنَ السَّمِ ع অর্থাৎ তা বিষের প্রতিষেধক' কথাটি দ্বারা সহীহ।

উক্ত হাদিসের রাবী শাহর বিন হাওশাব সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও ইয়াকুব বিন সুফইয়ান এবং আলআজালী বলেন, তিনি সিকাহ। শু'বাহ ইবনুল হাজ্জাজ তাকে বর্জন করেছেন। আহমাদ বিন হাম্বল ও আবু হাতিম
আর-রাযী বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৭৮১, ১২/৫৭৮ নং পৃষ্ঠা) ২. সাঈদ বিন
মাসলামাহ বিন হিশাম সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী তাকে দুর্বল বলেছেন। আবু হাতিম আর-রাযী বলেন,
তিনি নির্ভরযোগ্য নন, তিনি দুর্বল ও মুনকার। আবু হাতিম বিন হিব্রান বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা
আমলী কোন ফিসক এর সাথে জড়িত, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব ও ইবনু
হাজার আল-আসকালানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৩৫৭, ১১/৬৩ নং
পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44417

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন